- আপনার কোর্টের ভিতরে অথবা আশেপাশে কোন অসুবিধা হচ্ছে
- আপনি মনে করেন আপনার সাক্ষ্যপ্রমাণ দিতে সাহায্য করতে আপনার সাহায্যের দরকার হতে পারে।

যদি আপনি কোন কিছু নিয়ে উদ্বিগ্ন থাকেন অথবা কোন নির্দিষ্ট জিনিষের দরকার থাকে তবে দয়াকরে VIA কে বলুন। আমরা আলোচনা করব কি ধরণের সহায়তা উপলভ্য হতে পারে এবং নিশ্চিত করবো যে ফিস্‌ক্‌ল এবং কোর্ট এ ব্যপারে অবগত আছেন।

## দণ্ডাদেশ

যদি একজন অভিযুক্ত দোষ স্বীকার করে অথবা দোষী সাব্যস্ত হয়, আপনি শুনে থাকতে পারেন তাদেরকে "অপরাধী" মেনে নেওয়া হয়েছে।

বিচারক একটা পরিসীমার বিকল্প থেকে বেছে নিতে পারেন যে কি দণ্ডাদেশ দেওয়া যায়। যার মধ্যে কিছু অপরাধীকে কারাগারে পাঠানো হতে পারে, অন্যদের নাও হতে পারে।

কিছুসময় অপরাধী মেনে নেওয়া বা দোষী সাব্যস্ত হওয়ার সঙ্গে সঙ্গেই বিচারক দণ্ডাদেশ জারি করে দেন।

অন্য ক্ষেত্রে তাঁরা মামলাটাকে পরবর্তী তারিখে মুলতুবী রেখে তা চালিয়ে যান যাতে অপরাধীর বিষয়ে পশ্চাদপট তথ্য পাওয়া যায় এবং তাকে উপলভ্য বিকল্প দণ্ডাদেশ জারি করা যায়।

VIA লিফলেট *দণ্ডাদেশের বিষয়ে তথ্য* আপনাকে আরও তথ্য দেবে যে কি করে বিচারক একটি দণ্ডাদেশের সিদ্ধান্তে আসেন এবং এটার মানে কি। VIA আপনাকে এটাও বলে দেবে এই মামলার দণ্ড আপনাকে কিভাবে প্রভাবিত করবে (যদিও আপনি কোর্টে তা শোনার জন্য নিজেই উপস্থিত থাকতে পারেন)

## আবেদন

একজন অপরাধী তাকে দোষী সাব্যস্তকরণ এবং/অথবা সাজার বিরুদ্ধে আবেদন করতে পারে। প্রসিকিউশন সাজার বিরুদ্ধে আবেদন করতে পারবে এবং খুব সীমিত পরিস্থিতিতে।

একজন অপরাধীকে সাজা হওয়ার পরও আবেদন না শোনা পর্য্যন্ত ছেড়ে দেওয়া হতে পারে যদি বিচারক তা অনুমোদন করেন যাকে বলে হয় ইন্টারিম লিবারেশন। তা ঘটলে VIA আপনাকে জানাবে।

যদি মামলাতে একটি আবেদন করা হয় যা আপনাকে প্রভাবিত করে তবে VIA আপনাকে তা জানাবে। আমরা আপনাকে একটা *আবেদনের বিষয়ে তথ্য* VIA লিফলেট্‌ও পাঠিয়ে দেবো যা আরো ব্যাখ্যা করবে

## সহায়তা

আপনি ইচ্ছে করলে যোগাযোগ করতে পারেনঃ

**ভিক্‌টিম সাপোর্ট স্কটল্যাণ্ড** যারা অপরাধের শিকার তা'দেরকে বাস্তবিক এবং আবেগিক সহায়তা দেয়। অফিস চলাকালীন স্থানীয় বিবরণের জন্য যোগাযোগ করুন **0845 60 39 213** অথবা www.victimsupportsco.org.uk-তে দেখে নিতে পারেন

**উইট্‌নেস্‌ সার্ভিস** সমস্ত অত্যাচারের শিকার ব্যক্তি, সাক্ষী ও তাদের পরিবার এবং বন্ধুদের কোর্টে উপস্থিতির সময় আবেগিক এবং বাস্তবিক সহায়তা করে। স্থানীয় বিবরণের জন্য দয়াকরে ভিক্‌টিম সাপোর্ট স্কটল্যাণ্ড-এ যোগাযোগ করুন।

VIA আপনাদের আরও অন্য সহায়তা সংস্থার সাথেও সম্পর্ক রাখতে সক্ষম হতে পারে ।

## আরো তথ্য

যদি কোনকিছু আপনার জানার থাকে অথবা আপনি এবিষয়ে নিশ্চিত নন তা'হলে দয়াকরে VIAকে জিজ্ঞেস করবেন।

বিকল্পভাবে দয়াকরে VIA জাতীয় দলের সংগে যোগাযোগ করুনঃ

টেলিফোনে: 0131 243 3027
অথবা 0844 561 3701

ফ্যাক্স দ্বারা 0844 561 4180

ইমেল দিয়েঃ
_vianationalteam@copfs.gsi.gov.uk

www.copfs.gov.uk

Victim Information and Advice
A part of the Crown Office and Procurator Fiscal Service

© ক্রাউন কপিরাইট নভেম্বর 2006
RR Donnelley B61180-7-09

**VIA** | Victim Information and Advice

# information
# তথ্য

## হাই কোর্ট কার্য্যপন্থা বিষয়ে

আপনার অন্য কোন ভাষায়, বড়ো হরফে ছাপায়, অডিও, অন্ধ লোকের পড়ার যোগ্য ব্রেইল লিপিতে অথবা অন্য কোনও ধরণের এই নথি চাইলে VIA'র সঙ্গে যোগাযোগ করুন । আমরা RNID typetalk প্রিফিক্স 18001 কলকে স্বাগত জানাই ।

83054 HIGH COURT.QXD:83054 HIGH COURT 29/6/09 16:34 Page 2

## ভূমিকা

**ভিক্‌টিম ইনফরমেশন অ্যাণ্ড অ্যাডভাইস (VIA)** আপনাকে এই লিফলেট দিয়েছে কারণ আপনি একজন অপরাধের শিকার এবং/অথবা সাক্ষী। সিনিওর প্রোসিকিউশ্যন ল'ইয়ার (ক্রাউন কাউন্সেল) সিদ্ধান্ত নিয়েছেন যে মামলাটা হাইকোর্টে চলবে। একটা হাইকোর্টের বিচারে, একজন জুরি (জনতার 15 জনের সদস্য নিয়ে গঠিত) মামলার সিদ্ধান্ত গ্রহণ করেন আর বিচারক কোনো সাজার সিদ্ধান্ত নেন।

হাইকোর্টের রজুকরা মামলায় অভিযুক্তকে একটা অভিযোগনামা (লিগ্যাল ডকুমেন্ট)দেওয়া হয় যা তাদের বিরুদ্ধে অরোপিত অভিযোগ বর্ণিত করে। এটাতে সাক্ষী এবং বস্তু অথবা নথিপত্র-এর তালিকা (বলা হয় প্রোডাক্‌শন) থাকে যা যে কোন বিচারের দিনে উল্লেখ হতে পারে।

এই লিফলেট হাইকোর্টের কার্যপ্রপন্থার পর্য্যায়ক্রম বর্ণণা করে এবং আপনাকে বলে দেয় সাক্ষীকে কখন কোর্টে উপস্থিত হতে হবে।

## VIA'র বিষয়ে

লিফলেট *VIA – কিভাবে আমরা আপনাকে সাহায্য করতে পারি* ব্যাখ্যা করে VIA কি করে এবং আপনাকে সাহায্য করার জন্য আমরা কি করতে পারি।

আপনি যদি VIA'র সাহায্য নিতে ইচ্ছুক না থাকেন, দয়াকরে আমাদের জানাবেন। তার পরে যদি আপনার মত পরিবর্তন করেন, দয়াকরে আমাদের জানাবেন।

আমরা আশাকরি এই লিফলেট আপনার কিছু প্রশ্নের উত্তর দিতে পারবে। আরও যদি কোনকিছু আপনার জানার থাকে অথবা আপনি এবিষয়ে নিশ্চিত নন তা'হলে দয়াকরে আমাদের জিজ্ঞেস করবেন।

পরের পরিচ্ছেদগুলি আদালতের কার্যকলাপের পর্যায়গুলি ব্যাখ্যা করবে।

### প্রাথমিক শুনানি

**(সাক্ষী যাদের এই মামলা চলা কালীন সাক্ষ্যপ্রমাণ দিতে ডাকা হবে তাদের উপস্থিত থাকতে বলা হচ্ছে না কারণ তা মামলাকে পর্যাপ্ত অভিজ্ঞতা বা জ্ঞানের পূর্বেই চালনা করতে পারে)**

এই শুনানিতে বাদী এবং বিবাদী বিচারককে বলতে পারে যে তারা বিচারের জন্য তৈরী আছে কি না, বিচারক বিচারের তারিখ ঠিক করে দেবেন।

তারা যদি তৈরী না থাকে, মামলা "চালিয়ে" যেতে হবে। তার মানে আরো একটা প্রাথমিক শুনানির তারিখ ঠিক করতে হবে। এটা একবারের বেশীও হতে পারে। বিচারের দিন সেদিনই ঠিক হবে যখন বাদী এবং বিবাদী সম্পূর্ণভাবে তৈরী থাকবে।

অভিযুক্ত প্রাথমিক শুনানিতেই তার দোষ মেনে নিতে পারে। তাই যদি তারা করে, বিচারক তখন দণ্ডাদেশ/সাজা শুনাতে পারেন অথবা পরের তারিখে স্থগিত করতে (চালিয়ে যেতে) পারেন।

যদি অভিযুক্ত দোষ স্বীকার না করে, তা'হলে বিচারক একটা বিচারের দিন ঠিক করবেন যা সব সাক্ষীদের সুবিধাজনক হয়। প্রাথমিক শুনানির আগে সাক্ষীরা যাদের সাক্ষ্যপ্রমাণ দিতে কোর্টে বলা হয়েছে তারা কোন কোন দিন উপস্থিত না থাকতে পারবেন **না** তা প্রসিকিউশন ফিস্‌ক্‌ল যোগাযোগ তরে জানবেন। ফিস্‌ক্‌লের তার কারণ জানা দরকার।

বিচারক 3 প্রকারের বিচার করতে পারেনঃ

- নির্দিষ্ট বিচার - এই বিচারটা শুধু একটা নির্দিষ্ট তারিখে বিশেষ হাই কোর্টের জন্য নির্ধারিত (যেমন গ্লাসগো অথবা এডিনবার্গ)

**নির্দিষ্ট চলমান বিচার** - এই বিচারটি শুধু বিশেষ হাই কোর্টের জন্য নির্ধারিত (যেমন গ্লাসগো অথবা এডিনবার্গ) যা একই সপ্তাহে অনেক দিন শুরু হতে পারে।

**চলমান বিচার** - এই বিচারটি শুধু একটা নির্দিষ্ট সময়ের মধ্যে শুরু হতে পারে (সাধারণতঃ 2 সপ্তাহ) কিন্তু এটা কোনো নির্দিষ্ট হাই কোর্টের জন্য নির্দিষ্ট নয়।

VIA আপনাকে জানিয়ে দেবে যে কি ধরণের বিচার ব্যবস্থার সিদ্ধান্ত নেওয়া হয়েছে|

## বিচার

**(সাক্ষীদের উপস্থিত থাকতেই হবে)**

আপনার যদি সাক্ষ্যপ্রমাণাদি দিতে হয়, আপনাকে কোর্টে আসার তারিখ এবং সময় সহকারে সাক্ষীর উদ্ধৃতি বা উইটনেস সিটেশন পাঠানো হবে। আপনি যদি উদ্ধৃতি পত্রে উল্লেখিত তারিখ এবং সময়ে উপস্থিত হতে না পারেন তা'হলে আপনাকে ফিস্‌কল্‌ অথবা VIA-কে সঙ্গে সঙ্গে যোগাযোগ করতে হবে।

আপনাকে একটা পুস্তিতা বা লিফলেট সহযোগে পাঠানো হবে *(হাই কোর্টে সাক্ষী হওয়া* )। এটি আপনাকে তথ্য দেবে কোর্টে কি নিয়ে আসতে হবে, আপনি যখন আসবেন তখন কি হবে অথবা কত খরচ আপনি দাবি করতে পারেন।

আপনাকে কোর্টরুমে আসতে বলার আগে আপনাকে কিছু সময় অপেক্ষা করতে হতে পারে, সেটা নির্ভর করছে বিচার কিভাবে এগুচ্ছে, আপনাকে হয়তো সাক্ষ্যপ্রমাণ দিতে ডাকা নাও হতে পারে, অথবা আপনাকে অন্য দিন উপস্থিত থাকতে হতে পারে।

বিচারের সময়, জুরি সমস্ত সাক্ষ্যপ্রমাণ শুনবেন এবং সিদ্ধান্ত নেবেন যে অভিযুক্ত **দোষী**, **নির্দোষ** অথবা **অপ্রমাণিত**। যদি অভিযুক্ত নির্দোষ প্রমানিত হয়, তা'হলে অভিযুক্তকে কোর্ট থেকে যেতে দেওয়া হবে এবং এটাই হবে এই মামলার সমাপ্তি। যদি অভিযুক্ত দোষ স্বীকার করে অথবা দোষী সাব্যস্থ হয় তখন তাকে তখনি বা পরের তারিখে দণ্ডিত করা হবে।

### অভিযুক্তের দোষ স্বীকার করে নেওয়া

অভিযুক্ত প্রাথমিক শুনানির সময় অথবা বিচারের সময় তার দোষ স্বীকার করে নিতে পারে। যদি VIA মনে করে যে অভিযুক্তে তা অভিপ্রায় আছে, আমরা তা সর্বোতভাবে আপনাকে জানাবো। কিন্ত অভিযুক্ত তা শেষ সময়ে মেনে নেওয়ার সিদ্ধান্ত নিতে পারে। তারা তাদের দোষী মেনে নেওয়ার মত পরিবর্তন কোর্টে উপস্থাপিত করার আগে পর্য্যন্ত পরিবর্তন করতে পারে ।

### অতিরিক্ত সহায়তা

অপরাধমূলক ন্যায় প্রনালীতে যুক্ত থাকার জন্যে এটা কঠিন হতে পারে এবং আপনি বিচারে আপনি সাক্ষী দিতে আপনি ঘাবড়ে যেতে পারেন। আপনার জানা উচিত কি আশা করা যায়।

এই উইটনেস্‌ সাপোর্ট আপনাকে কোর্টে বাস্তব সহায়তা প্রদান করে। VIA বিচারের আগে আপনাকে উইটনেস্‌ সার্ভিসের মাধ্যমে কোর্ট ভিজিটের ব্যবস্থা করতে পারে। আমরা আপনাকে জিজ্ঞেস করবো আপনি যদি তা পেতে ইচ্ছুক থাকেন।

VIA আপনাকে সাহায্য করতে পারে যদিঃ

আপনার প্রথম পছন্দের ভাষা ইংরাজী নয় এবং আপনি নথিগুলো বুঝতে অথবা সাক্ষ্যপ্রমাণ দিতে সাহয্যের প্রয়োজন হয়।